

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২০৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ طَلَبَ الدُّنْيَا حَلَالًا اسْتِعْفَافًا عَنِ الْمَسْأَلَةِ وَسَعْيًا عَلَى أَهْلِهِ وَتَعَطُّفًا عَلَى جَارِهِ لَقِيَ اللَّهَ تَعَالَى يَوْمَ الْقِيَامَةِ وَوَجْهُهُ مِثْلُ الْقَمَرِ لَيْلَةَ الْبَدْرِ. وَمَنْ طَلَبَ الدُّنْيَا حَلَالًا مُكَاثِرًا مفاخرا مرائيا لَقِي الله وَهُوَ عَلَيْهِ غَضْبَانُ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ» وَأَبُو نُعَيْمٍ فِي «الْحِلْية» «الْحِلْية»

اسناده ضعیف ، رواه البیهقی فی شعب الایمان (10374 - 10375 ، نسخة محققة : 9889 - 9890) و ابو نعیم فی حلیة الاولیاء (8 / 215) [و عبد بن حمید فی المنتخب من السند (1433)] * مکحول لم یسمع من ابی هریرة رضی اللم عنم و فی السند الآخر رجل (مجهول) و فی السندین علل أخری ۔

(ضَعِيف)

বাংলা

৫২০৭-[৫৩] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যে ব্যক্তি ভিক্ষাবৃত্তি হতে বেঁচে থাকার জন্য, পরিবারের খরচ নির্বাহের উদ্দেশে এবং প্রতিবেশীর প্রতি সদাচরণের লক্ষ্মে হালাল উপায়ে দুনিয়ার বৈধ-সম্পদ অম্বেষণ করে সে আল্লাহ তাআলার সাথে কিয়ামতের দিন এমনভাবে মিলিত হবে যে, তার চেহারা পূর্ণিমার চাঁদের ন্যায় উজ্জ্বল থাকবে। পক্ষান্তরে যে ব্যক্তি বৈধ উপায়ে মাল অর্জন করল বটে; কিন্তু গর্ব অহংকার ও সম্পদের আধিক্য প্রকাশের নিয়্যাতে, সে আল্লাহ তা'আলার সাথে এমন অবস্থায় মিলিত হবে যে, তিনি তার ওপর ভীষণভাবে ক্রোধান্বিত হবেন। (বায়হাকী'র শুআবুল ঈমান এবং আবু নুআয়ম তাঁর "হিলইয়াহ্" গ্রন্থে হাদীসটি বর্ণনা করেছেন)



ফুটনোট

যঈফ: হিলইয়াহ্ আবু নুআয়ম ২/১১০, ৮/২১৫; কারণ হাজ্জাজ যঈফ তার খারাপ মুখস্থশক্তির কারণে, আরো একটা কারণ আছে তা হলো মাযহূল ও আবু হুরায়রাহ্ (রাঃ)-এর মাঝে ইনকিত্বা আছে। যঈফাহ্ ১০৩২, মুসানাফ ইবনু আবী শায়বাহ ২২১৮৬, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ১৪৩৩, শুআবুল ঈমান ১০৩৭৪।

ব্যাখ্যা

व्याच्या : रानान উপার্জন মানে रानान পথে উপার্জন। আর যে মানুষের কাছে কোন কিছু চাওয়া বা যাঞ্ছা থেকে নিজকে বাঁচিয়ে রাখে। নিহায়হ্ গ্রন্থে (الرسْتِعَفَافُ طَلَبُ الْعَفَافُ طَلَبُ الْعَفَافُ عَلَبُ الْعَفَافُ) শব্দের ব্যাখ্যা করা হয়েছে, (وَهُوَالْكَفُ) বা পবিত্রতা চাওয়া, সংযমতা অবলম্বন করা। (طَلَبُ الْعَفَافُ) এর অর্থ হলো (وَهُوَالْكَفُ) مَنَ النَّاسِ) হারাম থেকে বেঁচে থাকা এবং মানুষের কাছে যাচনা থেকে বিরত থাকা। নিজের পরিবারের খরচ নির্বাহের জন্য খরচের পর অতিরিক্ত অর্থ দ্বারা প্রতিবেশীদের ওপর ইহসান বা দয়া করা প্রকৃত মুমিনের অন্যতম গুণ।

এসব গুণাবলি অর্জনকারীদের জন্য অতীব সুসংবাদ এই যে, কিয়ামতের দিন তারা এমন অবস্থায় মিলিত হবে যে, অতি খুশি ও আনন্দে তাদের চেহারাগুলো পূর্ণিমা চাঁদের ন্যায় উজ্জ্বল হয়ে উঠবে।

পক্ষান্তরে যে ব্যক্তি দুনিয়ার সম্পদ হালাল পথেই অর্জন করল বটে, (অর্থাৎ হারাম পথ অবলম্বন করল না) কিন্তু সে সম্পদের আধিক্যতা নিয়ে অভাবী গরীবদের ওপর গর্ব অহংকার এবং দান-সদাক্বার দ্বারা লোক দেখানোর নিয়াত করল এ ব্যক্তি আল্লাহ তা'আলার সাথে কিয়ামতের দিন এমন অবস্থায় মিলিত হবে যে, তিনি তার ওপর ভীষণ রাগান্বিত হবেন। (মিরক্বাতুল মাফাতীহ, শারহুল মিশকাতু লিত্ব ত্বীবী, বাহরুল ফাওয়ায়িদ হা. ২৮৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন